

# গুচ্ছে ভর্তির আবেদন ২ লাখের বেশি, সময় বাড়ল দু’দিন



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৫ মার্চ ২০২৫ | ২১:১৬ | আপডেট: ১৫ মার্চ ২০২৫ | ২১:১৭



দেশের ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (জিএসটি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে গুচ্ছ পদ্ধতিতে ভর্তির আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে। নতুন ঘোষণা অনুযায়ী, ভতিচ্ছুরা আগামী ১৭ মার্চ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করতে পারবেন। শনিবার উপাচার্যদের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সমকালকে বিষয়টি নিশ্চিত করেন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও জিএসটি গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. আনোয়ারুল আজীম আখন্দ।

তিনি বলেন, এখন পর্যন্ত ২ লাখ ৮ হাজার ভর্তিছু আবেদন করেছেন। আরও অনেক শিক্ষার্থী আবেদন করবেন। তাদের সুবিধার কথা চিন্তা করে গুচ্ছ ভর্তি পরীক্ষার আবেদনের সময় দুদিন বাড়ানো হয়েছে।

ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী, ৫ মার্চ দুপুর ১২টা থেকে অনলাইনে গুচ্ছ ভর্তির আবেদন শুরু হয়। আবেদনের শেষ সময় ছিল ১৫ মার্চ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। সময় বাড়ানোয় শিক্ষার্থীরা ১৭ মার্চ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করতে পারবেন।

ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন ফি ১ হাজার ৫০০ টাকা অনলাইনে পরিশোধ করতে হবে। তবে আর্কিটেকচার বিভাগের ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষার ক্ষেত্রে অতিরিক্ত ৫০০ টাকা আবেদন ফিতে যোগ হবে।

দেশের ২০টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রের তালিকা থেকে আবেদনকারী একটি কেন্দ্র পছন্দ করতে পারবেন। পছন্দ করা কেন্দ্রই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কেন্দ্রগুলো হলো- ইসলামী বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি, নেত্রকোনা বিশ্ববিদ্যালয়, জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়।

